

ত্যজিয়া দেশের মায়া, শ্রীগৌরাঙ্গ-পদ-ছায়া,
 লভিবারে হ'ল আশুসার।।
 রাঢ়খণ্ডে বাস করি, মুখে বলে 'হরি হরি'
 শ্রীগৌরাঙ্গ ভকত সাজিল।
 দেখিয়া গৌরাঙ্গ রূপ, প্রেমভরে দিল ডুব,
 জাতি গবর্ব সব দূর হ'ল।।
 ব্রাহ্মণের গবর্ব ভুলি, নইতে ভক্তের ধূলি,
 আকুলি বিকুলি করি কাঁদে।
 হরি হ'তে ভক্ত বড়, মনে এই চিন্তা দড়,
 প্রেমডোরে বাঁধে গোরাচাঁদে।।
 এই বংশে রামদাস, গৈরিকের বহির্বাস,
 পরিধানে চলিত ঠাকুর।
 করেতে ত্রিশূলধারী, কপালে সিন্দুর পরি',
 নাম জারী করিত প্রভুর।।
 উজ্জ্বল বরাঙ্গ কান্তি, ধৈর্য, ক্ষমা, দয়া, শান্তি,
 বিরাজিত ছিল তাঁর চোখে।
 ভাবাবেশে উদাসীন, দেশে দেশে রাত্রি দিন,
 ত্রিশূল গাড়িয়া সভা ডাকে।।
 সতী সাধবী নারী তাঁর, পতি পদ ভাবি সার,
 পতি সঙ্গে অনুক্ষণ রহে।
 'কৃষ্ণ' বলি রামদাস, করে যত হা হতাশ,
 তার নারী 'কহ কৃষ্ণ' কহে।।
 সংসার বিরাগী হ'য়ে, সব কিছু তেয়াগিয়ে,
 দুইজনে যায় বৃন্দাবন।
 পরে গেল কাশী, ক্ষেত্র, চন্দ্রনাথ মহাতীর্থ,
 পদরজে করে দরশন।।
 আসামে কামাখ্যা পুরী, পরে দরশন করি',
 নবগঙ্গা নাম কর্ণে শুনি।
 মনেতে বাসনা করি, অমিয়-পুরিত বারি,
 দেখিবারে মাতা সুরধুনী।।
 আগমন যশোহরে, নবগঙ্গা নদী তীরে,
 লক্ষ্মীপাশা নামে গ্রাম ধন্য।

নমঃশূদ্র বীর্যবান, বৌদ্ধ ব্রাহ্মণ-সন্তান,
 বলালের কোপেতে জঘন্য।।
 দেবতা-দম্পতি পেয়ে, আনন্দে মগন হ'য়ে,
 বিনম্র বচনে কহে সবে।
 'কি জানি কি ভাগ্য ফলে, দৌহা সম রত্ন মিলে,
 শান্তিবারি জ্বলন্ত আহবে।।
 শুন প্রভু রামদাস, মোরা সবে হ'ব দাস,
 ফেলি সবে না যেও অন্যত্র।
 তুমি হবে বৃক্ষ মূল, এই কর মনে স্থূল,
 মোরা সবে হব শাখা পত্র।'।
 বিনয় বচন শুনি, প্রেমিকের শিরোমণি,
 ঘর-ছাড়া মন আনে ঘরে।
 লক্ষ্মীপাশা স্থায়ীবাস, মনেতে হ'য়ে উল্লাস,
 রহিলেন নবগঙ্গা ধারে।।
 হরিকথা রসরঙ্গে, সদা নমঃশূদ্র সঙ্গে,
 রামদাস প্রেমেতে উতলা।
 বঙ্গবাসী ব্রাহ্মণাদি, জানি অন্ত শুনি আদি,
 বলে 'দ্বিজ সেজেছ পাগলা।।
 নমঃশূদ্র হীনজাতি, নাহি জানে রীতি নীতি,
 ইহ সঙ্গে তুমি কর বাস।
 তোমার করম দেখি, মনে মোরা মহা-দুঃখী,
 কেন কর এমন সাহস?'।
 শুনি কথা রামদাস, বলিছে সবার পাশ,
 "শুন শুন ওহে দ্বিজগণ।
 শুনেছ গীতার বাণী, 'ক্লেব্য মাস্মগম' ধনি,
 ধর্মক্ষেত্র হ'ল উচ্চারণ?
 নমঃশূদ্র বীর্যবান, রেখেছে বাংলার মান,
 প্রতাপাদিত্যের সঙ্গে থাকি।
 'বায়ান্ন হাজার ঢালী', দেখ নাই চক্ষু মেলি,
 যুদ্ধে যেতে কেহ ছিল বাকী?
 ইহা ভিন্ন আছে কথা, অপূর্ব সব বারতা,
 নমঃশূদ্র নহে হীন জাতি।